

স্নাতকোত্তর অন্ত্য-সেমিস্টার পরীক্ষা, ২০২৫

প্রথম বর্ষ, দ্বিতীয় সেমিস্টার

বাংলা বিভাগ

কোর্স : পি জি ২.২

বিষয় : বাংলা বিতর্কের গদ্য ও নকশা (সমাজ ও ভাষা)

সময় : ২ ঘণ্টা

পূর্ণমান : ৩০

যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও। প্রশ্নগুলি সমমানের।

- ১। ‘ধর্মশাস্ত্র’গুলিকে সামনে রেখে তাঁরা যুক্তি সাজিয়েছিলেন বটে, কিন্তু রামমোহন এবং বিদ্যাসাগর আসলে শাস্ত্রকে সামাজিক লড়াইয়ের কাজে ব্যবহার করছিলেন মাত্র, শাস্ত্রের মাহাত্ম্য নিয়ে তাঁদের কোনো মাথাব্যথা ছিল না। এই মন্তব্যের সঙ্গে কি তুমি সহমত হবে? যুক্তিসহ তোমার মত জানাও।
- ২। বিধবা বিবাহ প্রচলনের পক্ষে বিদ্যাসাগরের উত্থাপিত যুক্তিগুলির ভিতরে তুমি কি কোনো স্ববিরোধিতা খুঁজে পাও? তোমার মতামত উদাহরণসহ জানাও।

অথবা

- ৩। বিধবা বিবাহ প্রচলনের জন্য বিদ্যাসাগরকে লড়াই করতে হয়েছে ‘মনুসংহিতার’ বিরুদ্ধে, এমনকী ‘পরশর সংহিতা’রও বিরুদ্ধে। তোমার নিজস্ব মতামত-সহ কথাটি বুঝিয়ে লেখো।
- ৪। ‘কলিকাতার বারোইয়ারি পূজা’ শিরোনামে ছতোম কলকাতার নবোদ্ভূত ‘বাবু কালচারে’র যে খণ্ডচিত্র তুলে ধরেছেন তার পরিচয় দাও।

অথবা

- ৫। নকশার অঙ্গবিভাগ করতে গিয়ে ছতোম ‘ছজুক’ শিরোনাম ব্যবহার করলেও ‘ছজুক’ আর গুজবকে খানিক মিলিয়ে ফেলেছেন। তোমার পঠিত দুটি রচনা প্রসঙ্গে বিষয়টি বুঝিয়ে লেখো।
- ৬। প্যারীচাঁদ মিত্রের ‘আলালের ঘরের দুলাল’ রচনাটি ধারণ করে আছে উনিশ শতকের তিন প্রজন্মের ‘বাবু’ সমাজের আখ্যান। সেই আখ্যানকে বাস্তবায়িত করতে ব্যবহার করা হয়েছে নকশা জাতীয় উপাদান। মন্তব্যটির পক্ষে অথবা বিপক্ষে যুক্তি দাও।

অথবা

- ৭। প্যারীচাঁদ মিত্র ‘আলালের ঘরের দুলাল’-এর আখ্যাপত্রে দাবি করেছিলেন, এই লেখাটিকে উপন্যাস হিসেবে উপস্থাপন করার। পাঠ্য গ্রন্থ অবলম্বনে সেই দাবি কতটা রূপায়িত হয়েছে আলোচনা করো।

★ ★ ★